# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**13 AUGUST 2026** **7:45—7:55 PM**

---

১) রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মুর আজ নতুনদিল্লীর বিজ্ঞান ভবনে ১০৮ জন শিল্পীকে সঙ্গীত নাটক একাডেমী পুরষ্কার ও ফেলোশিপ প্রদান ।

২) সংসদের উভয় সভার কার্যসূচি অনিদৃষ্টকালের জন্য স্থগিত ।

৩) বরাক উপত্যকার তিন জেলায়ও হর ঘর তিরঙ্গা অভিযান অব্যাহত ।

এবং

৪) চলতি বর্ষা মরসুমে ভারী বৃষ্টিপাত , ধ্বস এবং বন্যার ফলে উত্তর-পূর্বাঞ্চলের জাতীয় সড়কের ৪০ দশমিক ৩ - ৬ কিলোমিটার অংশ ক্ষতিগ্রস্ত ।

-----------------------------------------------------------------------------------

রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু আজ নতুনদিল্লীর বিজ্ঞানভবনে আয়োজিত এক অনুষ্ঠানে ১০৮ জন শিল্পীকে সঙ্গীত নাটক একাডেমী পুরস্কার ও ফেলোশিপ প্রদান করেন ।সঙ্গীত নাটক একাডেমী ২০২৪ এবং ২০২৫ বর্ষের জন্য সঙ্গীত , নাটক , নৃত্য , লোককলা , জনজাতীয় কলা , এবং পুতুল নাচ সহ বিভিন্ন ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান এবং গবেষণার জন্য এই পুরস্কার প্রদান করে থাকে ।এবার দেশের মোট সাত জন বিশিষ্ট ব্যাক্তিকে সঙ্গীত নাটক একাডেমী ফেলোশিপ - ‘একাডেমী রত্ন ’প্রদান করা হয়েছে ।
পুরস্কার প্রাপকদের মধ্যে আসামের ৫ জন শিল্পী রয়েছেন ।কত্থক নৃত্য শিল্পী বিপুল চন্দ্র দাস এবং শিল্পী প্রেম ওজা বরবায়নকে ২০২৪ বর্ষের সঙ্গীত নাটক একাডেমী পুরস্কার প্রদান করা হয়েছে । অনুরূপভাবে ২০২৫ বর্ষের জন্য সত্রীয়া শিল্পী মল্লিকা

কন্দলী , সত্রীয়া সঙ্গীত তথা নৃত্য শিল্পী ভাস্করজ্যোতি ওজা , এবং অভিনয়ের ক্ষেত্রে চেতনা দাস একাডেমী পুরস্কার লাভ করেন ।
সত্রীয়া নৃত্যের জন্য মীনাক্ষি মেধি , নাট্য পরিচালনার জন্য বিদ্যুৎ কুমার নাথ , এবং লোকসঙ্গীত শিল্পী দিলীপ হীরাকে ২০২৪ বর্ষের ওস্তাদ বিসমিল্লা খান যুব পুরস্কার প্রদান করা হয়েছে ।২০২৫ বর্ষের জন্য খোল বাদক দেবজিৎ শইকিয়া , সত্রিয়া নৃত্য শিল্পী নিরঞ্জন শইকিয়া বরবায়ন এবং তোকারী গীতের শল্পী হিরকজ্যোতি শর্মাকে ওস্তাদ বিসমিল্লা খান যুব পুরস্কার প্রদান করা হয়েছে ।অনুষ্ঠানে প্রদত্ত ভাষণে রাষ্ট্রপতি শ্রীমতী মুর্মু বলেন যে পুরস্কার লাভ করা ব্যাক্তরা আধুনিক ভারতের প্রতিভা ও সমর্পনকে প্রতিফলিত করেছে । দেশের বর্ণাঢ্য লোকসংস্কৃতি সংরক্ষণের ক্ষেত্রে তাঁরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন বলে রাষ্ট্রপতি মন্তব্য করেন ।

---------------------------------------------------------------------------------

সংসদের উভয় সভার কার্যসূচী অনিদৃষ্টকালের জন্য স্থগিত রাখা হয়েছে । গত ২০ জুলাই থেকে আরম্ভ হওয়া সংসদের এই ২৫ দিনব্যাপী বর্ষাকালীন অধিবেশনে মোট ১৯ দিনের বৈঠক অনুষ্ঠিত হয় । অধিবেশনের সময় বিভিন্ন আইনী এবং জাতীয় বিষয় নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয় । এবারের অধিবেশনে লোক পরীক্ষা অসাধু পন্থা প্রতিরোধী সংশোধনী বিল - ২০২৬ , জাতীয় সম্মানের প্রতি অপমান প্রতিরোধী সংশোধনী বিল -২০২৬ , ন্যায়াধীকরণ সংশোধনী বিল - ২০২৬ , কর আরোপ এবং অন্যান্য আইন সংশোধনী বিল - ২০২৬ , জাতীয় সমবায় উন্নয়ন নিগম সংশোধনী বিল - ২০২৬ এবং কেরালা নাম পরিবর্তন বিল - ২০২৬ সহ বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ বিল গৃহিত হয় ।

রাজ্যসভায় আজ খনি এবং খনিজাত পদার্থ উন্নয়ন এবং নিয়ন্ত্রণ সংশোধনী বিল গৃহিত হয় । ফলে এই বিলটি সংসদের উভয় সভার অনুমোদন লাভ করে । এই বিলটির মাধ্যমে দেশের খনন ক্ষেত্রকে আরোবেশি দক্ষ , বিনিয়োগ অনুকূল এবং দেশের গুরুত্বপূর্ণ খনিজ পদার্থের বর্ধিত চাহিদা পূরণ করার জন্য সুসজ্জিত করার প্রয়াস গ্রহণ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলায় আসন্ন স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে দেশভক্তি ও জাতীয় সংহতি সুদৃঢ় করার লক্ষ্যে আজ জেলা আয়ুক্তের কার্যালয়ে সমবেতভাবে দেশাত্মবোধক সঙ্গীত ও বন্দেমাতরম পরিবেশন করা হয় । এতে শহরের বিশিষ্ট শিল্পীরা অংশগ্রহণ করেন পাশাপাশি কার্যালয়ের আধিকারিক ও কর্মচারীরাও এতে সামিল হন । এদিকে আগামীকাল বিভাজন , বিভীষিকা স্মৃতি দিবস পালন করা হবে ।, এ উপলক্ষ্যে

আগামীকাল জেলা আয়ুক্তের কার্যালয়ে একটি তথ্যচিত্র প্রদর্শন সহ মোমবাতি মিছিলের আয়োজন করা হয়েছে । এছাড়া আজ ও আগামীকাল বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বিভাজন বিভীষিকা স্মৃতি দিবসের উপর বিশেষ প্রদর্শনী , বক্তৃতা ও আলোচনাসভার আয়োজন করা হয়েছে ।হর ঘর তিরঙ্গা কার্যসূচীতে জেলার প্রতিটি কার্যালয়ে সন্ধ্যায় আলোকসজ্জার ব্যবস্থা করা হয়েছে ।জেলার ৩০ টি স্থানে জাতীয় পতাকা বিক্রয় ষ্টল খোলা হয়েছে ।আজ থেকে জেলার সব কার্যালয়ে সাফাই অভিযান ও বৃক্ষ রোপন কার্যসূচীও শুরু হয়েছে ।
কাছাড় জেলায় আগামীকাল বিভাজন বিভীষিকা স্মৃতিদিবস উপলক্ষ্যে সন্ধ্যা সাড়ে ৬ টায় জেলা ক্রীড়া সংস্থার স্পোর্টস কমপ্লেক্স থেকে মোমবাতি মিছিল বের করা হবে ।

---------------------------------------------------------------------------------------------

ভারতীয় জনতা যুব মোর্চার হাইলাকান্দি শহর মন্ডল কমিটির উদ্যোগে আজ হাইলাকান্দি শহরে হর ঘর তিরঙ্গা কার্যসূচীর অঙ্গ হিসেবে বিজেপি কার্যালয় থেকে একটি র‍্যালি বের হয়ে শহর পরিক্রমা করে শহিদ বেদীতে এসে শেষ হয়। র‍্যালিতে বিধায়ক ড: মিলন দাস সহ দলীয় কর্মকর্তা ও সমর্থকরা অংশগ্রহণ করেন।

---------------------------------------------------------------------------------------------

ধেমাজি জেলার গোগামুখের আসাম অরুণাচল সীমান্তবর্তী মিংমাং বদতিতে সংঘঠিত গুলিচালনার ঘঠনার পরিপ্রেক্ষিতে সৃষ্টি হওয়া পরিস্থিতি সম্পর্কে আজ সীমান্ত সুরক্ষা ও উন্নয়ন বিভাগের মন্ত্রী অতুল বরা ধেমাজির বিধায়ক তথা মন্ত্রী ডাঃ রণোজ পেগু সহ বেশ কয়েকটি সংগঠনের প্রতিনিধির সঙ্গে এক গুরুত্বপূর্ণ বৈঠকে মিলিত হন ।বৈঠকে মন্ত্রী শ্রী বরা জানান যে আসাম সরকার ইতিমধ্যে অরুণাচল প্রদেশের সরকারের সঙ্গে আলোচনার মাধ্যমে সীমা সমস্যা সমাধানের জন্য যাবতীয় ব্যবস্থা গ্রহণ করেছে । অরুণাচল প্রদেশের মুখ্যমন্ত্রী পেমা খান্ডু এই ঘটনার সঙ্গে জড়িত লোকেদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার আশ্বাস দিয়েছেন বলে শ্রী বরা জানান ।এদিকে আসাম এবং অরুণাচলের সাংসদরা আজ কেন্দ্রীয় মন্ত্রী কীরেণ রিজিজুর সঙ্গে সাক্ষাৎ করে উভয় রাজ্যের সীমান্তে শান্তি বজায় রাখার জন্য আহ্বান জানান ।

---------------------------------------------------------------------------------------------

চলতি বর্ষা মরসুমে ভারী বৃষ্টিপাত , ধ্বস এবং বন্যার ফলে উত্তর-পূর্বাঞ্চলের জাতীয় সড়কের ৪০ দশমিক ৩ - ৬ কিলোমিটার অংশ ক্ষতিগ্রস্থ হয়েছে । এর মধ্যে আসামের ৮ দশমিক ৩ - ২ কিলোমিটার অংশের সড়ক রয়েছে । সাংসদ কপিল সিবালের এই মর্মে উত্থাপিত এক প্রশ্নের উত্তরে কেন্দ্রীয় সড়ক পরিবহণ বিভাগের মন্ত্রী নীতিন গাডকারি রাজ্যসভায় এই তথ্য জানান । তিনি জানান যে এবারের বর্ষায় অরুণাচল

প্রদেশে ৮ দশমিক ৯ - ৬ কিলোমিটার , ত্রিপুরায় ১ দশমিক ৩ - ৯ কিলোমিটার , মনিপুরে ১ দশমিক ৫ - ৫ কিলোমিটার , সিকিমে ৮ দশমিক ৪ - ৯ কিলোমিটার এবং নাগাল্যান্ডে ১ দশমিক ৩ - ৯ কিলোমিটার সড়ক ক্ষতিগ্রস্থ্ হয়েছে ।

---------------------------------------------------------------------------------

লামডিং - বদরপুর সেকশনের নিউ হারাঙ্গাজাও ষ্টেশনের পার্শবর্তী রেলওয়ে ট্রেক নম্বর এক এবং দুই-এর মেরামতী কাজ এখনও অব্যাহত থাকায় ওই রুটে চলাচলকারী ১৫৬১৫ গৌহাটি - শিলচর এক্সপ্রেস ট্রেনটির যাত্রা পুনারায় আগামীকাল এবং ১৫৬১৬ শিলচর - গৌহাটি এক্সপ্রেস ট্রেনটির যাত্রা আগামী শনিবারের জন্য বাতিল করা হয়েছে ।

এছাড়াও , নারাঙ্গী - আগারতলা , আগরতলা - নারাঙ্গী , গৌহাটি - সাইরাং , সাইরাং - গৌহাটি , রঙ্গিয়া - শিলচর , শিলচর - রঙ্গিয়া এক্সপ্রেস ট্রেনগুলির যাত্রার সময়সূচির কিছুটা পরিবর্তন করা হয়েছে । অন্যদিকে ২০৫০২ আনন্দবিহার টার্মিনাল - আগরতলা তেজস এক্সপ্রেস ট্রেনটির যাত্রা নিয়ন্ত্রণ করা হয়েছে বলে উত্তর-পূর্ব সীমান্ত রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কাপিঞ্জাল কিশোর শর্মা এক প্রেসবার্তায় জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------

ভারতীয় জনতা পার্টির কাছাড় জেলা কমিটির পক্ষ থেকে শিলচরে দলীয় কার্য্যলয়ে আয়োজিত এক অনুষ্ঠানে স্বাধীনতা সংগ্রামী বীর টিকেন্দ্রজীৎ সিংহের পূন্য তিথি যথাযোগ্য মর্য্যাদায় পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে বীর টিকেন্দ্রজিৎ সিংহের জীবন , সংগ্রাম ও আর্দশ নিয়ে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে ।

এদিকে লক্ষীপুরে অনুরূপভাবে আয়োজিত এক অনুষ্ঠানে রাজ্যের মন্ত্রী কৌশিক রাই বীর টিকেন্দ্রজিৎ সিংহের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন ।

---------------------------------------------------------------------------------

শিলচর গুরুচরণ বিশ্ববিদ্যালয়ের মণিপুরী বিভাগের উদ্যোগে আজ বিশ্ববিদ্যালয়ের সভাকক্ষে যথাযোগ্য মর্য্যাদায় দেশপ্রেমিক দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে সকালে বীর টীকেন্দ্রজিৎ ও থাঙ্গাল জেনারেলের প্রতিকৃতিতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্য অধ্যাপক নিরঞ্জন রায় , মণিপুরী ভাষা পরামর্শদাতা বোর্ডের সদস্য ডক্টর কে নয়ন চাঁন্দ সিংহ , বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক এল জয়চন্দ্র সিংহ প্রমূখ শ্রদ্ধা জানান । পরে ডক্টর এল জয়চন্দ্র সিংহ ১৮৯১ সালের ১৩ই আগষ্ট দিনটিতে অ্যাংলো-মণিপুর যুদ্ধে

বীর টীকেন্দ্রজিৎ ও সেনাপতি থাঙ্গাল-এর আত্মত্যাগের ঐতিহাসিক তাৎপর্য্য তুলে ধরে বক্তব্য রাখেন ।

--------------------------------------------------------------------------------

লক্ষীপুরের প্রবীণ নাগরিক সংস্থা, মণিপুরী ভাষা উন্নয়ন সমিতি, মণিপুরী মহিলা লেখিকা সংস্থা, নহরোল-খরিরোল সংস্থা ও মণিপুরী মহিলা মৈরা পাইবী সংস্থার যৌথ উদ্যোগে আজ স্থানীয় খরিরোল কমিউনিটি হলে বীর টিকেন্দ্রজিৎ দিবস পালন করা হয়েছে। এ উপলক্ষে প্রথমে বীর টিকেন্দ্রজিৎ এর প্রতিকৃতিতে শ্রদ্ধা জানানো হয়েছে। পরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

--------------------------------------------------------------------------------

প্রজাপিতা ব্রহ্মাকুমারী বিশ্ববিদ্যালয়ের বদরপুর কেন্দ্রের উদ্যোগে আজ বদরপুরের কাইরুননেছা বেগম মহিলা কলেজে নেশামুক্ত ভারত অভিযান উপলক্ষ্যে একটি সচেতনতা সভা অনুষ্ঠিত হয়েছে । সভায় প্রজাপিতা ব্রহ্মকুমারী বিশ্ববিদ্যালয়ের পক্ষে বি কে অঞ্জলী প্রসাদ কলেজের ছাত্রী ও শিক্ষক-শিক্ষিকাদের সামনে নেশার কুফল ও নেশামুক্ত সমাজ গঠনের প্রয়োজনীয়তা সর্ম্পকে বক্তব্য রাখেন ।

--------------------------------------------------------------------------------

ধলাই মাতৃভূমি কাপ ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় লকেল এফ সি সপ্তগ্রাম ৪-২ গোলে দিদারখুশ জি পি দলকে পরাজিত করে । স্থানীয় বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের খেলায় ঝানুখাল এফ সি খেলবে আরমান ফার্নিচার এফ সি মোহনখালের বিরুদ্ধে ।

--------------------------------------------------------------------------------